পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
Since-1986
বাড়ী নং -৫৪৮ , রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭।
ফোন ঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org ,Web: www.padakhep.org

স্মারক নং-পদ/পক/এইচ আর এন্ড এডমিন/২০২০/১৩৭৯ তারিখ ঃ ২৬ এপ্রিল, ২০২০ খ্রিঃ

অফিস স্মারক

বিষয়ঃ "কোভিড-১৯ মোকাবেলায় সহায়তা তহবিল" গঠন এবং উক্ত তহবিলে সংস্থার সকল স্তরের চাকুরেবৃন্দের এক (০১) দিনের বেতন প্রদান প্রসঙ্গে।

ক. বিশ্বজুড়ে মহামারী রূপ নেয়া নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমন ও বিস্তারের ফলে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশও মারাত্মক স্বাস্থ্যগত ও অর্থনৈতিক ঝুঁকির মধ্যে রয়েছে। এ ভাইরাসের বিস্তার রোধকল্পে সরকারও বিভিন্ন দেশের ন্যায় সারা দেশে সাধারণ ছুটি ঘোষণা করেছে। বর্তমানে প্রায় সব ধরণের অর্থনৈতিক কর্মকাণ্ড স্থবির হয়ে গেছে, যার বিরূপ প্রভাব পড়ছে দেশের সামগ্রিক অর্থনীতিতে। নিয়মিত আয়ের পথ বন্ধ হয়ে যাওয়ায় দুর্বিষহ জীবনযাপন করছে এক বিশাল জনগোষ্ঠী। পর্যাপ্ত পরিমাণে পার্সোনাল প্রোটেকটিভ ইক্যুইপমেন্ট না থাকায় চিকিৎসক ও স্বাস্থ্যসেবা প্রদানকারীগণ জীবনের ঝুকিঁতে পড়ছেন। তাছাড়া সকলের স্বাস্থ্য সুরক্ষা ব্যয়ও বৃদ্ধি পেয়েছে। এ দুর্যোগ মোকাবেলায় সরকারের পাশপাশি বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবীমূলক সংস্থা বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে। দেশ ও দেশের মানুষের এ দুর্যোগের সময় আমাদের প্রত্যেকের নিজ নিজ সামর্থ্য অনুযায়ী এগিয়ে আসা এখন সময়ের দাবী হয়ে পড়েছে। এ প্রেক্ষিতে সাম্প্রতিক দুর্যোগ মোকাবেলার উদ্দ্যেশ্যে **'পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র'** কর্তৃক নানাবিধ কার্যক্রম গ্রহণ করার উদ্যোগ নেয়া হয়েছে।

খ. কোভিড-১৯ বিস্তারজনিত কারণে সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য সংস্থা কর্তৃক **"কোভিড-১৯ মোকাবেলায় সহায়তা তহবিল"** শীর্ষক একটি তহবিল গঠন করা হয়েছে। এ তহবিল করোনা ভাইরাস এর বিস্তার ও সংক্রমণ প্রতিরোধ এবং কোভিড-১৯ সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় ব্যবহৃত হবে। এই তহবিল ব্যবহারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ক্ষেত্রসমূহ হলো- ১) কোভিড-১৯ মোকাবেলায় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অনুদান প্রদান, ২) কোভিড-১৯ মোকাবেলায় স্থানীয় প্রশাসন গঠিত ত্রাণ তহবিলে অনুদান প্রদান / স্থানীয় প্রশাসন কর্তৃক বাস্তবায়িত ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণ, ৩) বর্তমান পরিস্থিতির কারণে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ সদস্য পরিবারের জন্য খাদ্য ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ক্রয় ও বিতরন, ৪) সংস্থার কর্মএলাকায় আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীর জন্য খাদ্য ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ক্রয় ও বিতরন, ৫) কোভিড-১৯ মোকাবেলায় সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা ও এর ব্যয় নির্বাহ, ৬) কোভিড-১৯ মোকাবেলায় বিভিন্ন স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী যেমন পিপিই, মাস্ক, হ্যান্ড গ্লাভস, সাবান, ব্লিচিং পাউডার ইত্যাদি ক্রয়, সংগ্রহ ও বিতরণ / ব্যবহারের জন্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহ, ৭) সংস্থার চাকুরেগণ কোভিড-১৯ সংক্রমণের দ্বারা ক্ষতিগ্রস্থ হলে প্রয়োজনীয় সহায়তা প্রদান ইত্যাদি। সকলের মতামতের আলোকে উল্লেখিত কার্যক্রমসমূহ হ্রাস/বৃদ্ধি বা সংযোজন/বিয়োজন করা যাবে। সর্বোপরি করোনা ভাইরাস প্রতিরোধকল্পে বাংলাদেশ সরকার ও মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটী (এমআরএ) এবং সংস্থার কার্যনির্বাহী পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দের নির্দেশনা অনুযায়ী এই তহবিল ব্যবহার করা হবে।

গ. **"কোভিড-১৯ মোকাবেলায় সহায়তা তহবিল"** এর সম্ভাব্য উৎস্যসমূহ হলো: ১) সংস্থার কর্মী/কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত অনুদান, ২) সংস্থার সংরক্ষিত তহবিল হতে প্রদত্ত অনুদান, ৩) সংস্থার ক্রমপুঞ্জিভূত লাভ হতে প্রদত্ত অনুদান, ৪) সংস্থার কর্মী/কর্মকর্তাগণের পরিবারের সদস্যগণের নিকট হতে প্রাপ্ত অনুদান এবং ৫) যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত অনুদান। এছাড়াও যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে অন্য যে কোন উৎস্য হতে প্রাপ্ত অনুদান।

ঘ. প্রসঙ্গত: উল্লেখ্য যে, বিগত সময়ে বিভিন্ন আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক আলোচনায় সংস্থার সকল স্তরের উল্লেখযোগ্য সংখ্যক চাকুরেবৃন্দ বর্তমান দুর্যোগ মোকাবেলায় নিজেদের একদিনের মোট বেতন অনুদান হিসাবে প্রদানের আগ্রহ ব্যক্ত করেছেন। সকলের আকাংখার সাথে একাত্ম হয়ে, প্রাথমিকভাবে সংস্থার সকল পর্যায়ে কর্মরত চাকুরেবৃন্দের এক (০১) দিনের মোট বেতনের সমপরিমাণ অর্থ দিয়ে সংস্থার "কোভিড-১৯ মোকাবেলায় সহায়তা তহবিল" সৃষ্টি করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে সংস্থার কার্যনির্বাহী পর্ষদের অনুমোদন সাপেক্ষে সংস্থার নিজস্ব তহবিলসহ বিভিন্ন খাত হতে অনুদান গ্রহণ এবং আগ্রহী বিভিন্ন ব্যক্তি/দল/প্রতিষ্ঠান প্রদত্ত দান/অনুদান গ্রহণ পূর্বক বর্তমান দুর্যোগ মোকাবেলায় সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ পরিচালনা করা অব্যাহত থাকবে।

পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
Since-1986
বাড়ী নং -৫৪৮ , রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭।
ফোন ঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org ,Web: www.padakhep.org

ঙ. বর্ণিত প্রেক্ষিতে, অসহায় মানুষের পাশে থাকার মহান ব্রত বাস্তবায়নের লক্ষ্যে সংস্থার সকল পর্যায়ে কর্মরত চাকুরেবৃন্দের বেতন প্রদানকারী তত্ত্বাবধায়ককে নিয়ন্ত্রনাধীন সহকর্মীদের (আয়া, বুয়া ও গার্ড ব্যতিত) এপ্রিল'২০ মাসের মোট বেতন থেকে এক (০১) দিনের মোট বেতনের সমপরিমাণ অর্থ ডিডি/ টিটি /এ্যাডভাইসের মাধ্যমে **সংযুক্ত ছক-১ এর আলোকে** আগামি ১০ মে'২০ ইং তারিখের মধ্যে **"করোনা মোকাবেলায় সহায়তা তহবিল"** এ প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এ বিষয়ে কোনো অস্পষ্টতা থাকলে প্রয়োজনীয় নির্দেশনার জন্য জনাব মোঃ সামসুজ্জামান, ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), প্রধান কার্যালয় এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

চ. কোন চাকুরে কর্তৃক উক্ত তহবিলে এক (০১) দিনের বেতন প্রদান করতে অনাগ্রহী হলে আগামি ২৯ এপ্রিল'২০২০ ইং তারিখের মধ্যে সংশ্লিস্ট তত্ত্বাবধায়ক এবং ব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, প্রধান কার্যালয় কে (lelin@padakhep.org) লিখিতভাবে অবগত করতে বলা হলো।

ছ. স্বপ্রনোদিত হয়ে দান/অনুদান প্রদানের মাধ্যমে এরুপ মহৎ কাজে অংশগ্রহণে আগ্রহী বিভিন্ন ব্যক্তি/দল/প্রতিষ্ঠান এর নিকট থেকে তহবিল সংগ্রহের জন্য যেকোন চাকুরের ব্যক্তিগত উদ্যোগকে অনুপ্রাণিত করা হলো।

এই সংকটময় মুহূর্তে দেশ ও দেশের ক্ষতিগ্রস্থ মানুষের পাশে দাঁড়ানো আমাদের সবার মানবিক দায়িত্ব। এই দায়িত্ব পালনে আমরা সবাই এগিয়ে আসবো এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে এই দুর্যোগ কাটিয়ে উঠতে সক্ষম হবো বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

স্বাক্ষরিত
মোঃ সালেহ বিন সামস্
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
এবং
পরিচালক (মাইক্রোফাইন্যান্স)

সংযুক্তিঃ ১) কর্মকর্তা ও কর্মীদের সিপিএফ, ষ্টাফ ওয়েলফেয়ার ফান্ড, এসভিএসএন্ডআইপি, গ্রাচ্যুইটি, এসএসডি এবং সিপিএফ ও ষ্টাফ ঋণের কিস্তি বাবদ মাসিক প্রদানকৃত টাকার বিবরনী।

অনুলিপি : (ই-মেইলে প্রেরিত হলো)

১) প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপনা ইউনিট প্রধান, পদক্ষেপ **(সংশ্লিস্ট সকলকে অবগতকরণ ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য)**।
২) ব্যবস্থাপক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় **(সংস্থার ওয়েবসাইটে প্রকাশ এবং এসএমএস এর মাধ্যমে সকল সহকর্মীদের অবগতি নিশ্চিত করণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)**।
৩) অফিস কপি।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১) প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।